

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর: ধবিম/হ:শা:৩/৬-১৫/২০০৬-১৮৯

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৯
২৫ জুন, ২০২২**বিষয়: কারণ দর্শানোর নোটিশ**

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি হক ইন্টারন্যাশনাল টুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৩৮৯), ৬১, শাহী জামে মসজিদ সুপার মার্কেট (দক্ষিণ ২য় তলা), আন্ধারকেল্লা, চট্টগ্রাম এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোহাম্মদ জালাল উদ্দিন (মোবাইল: ০১৮১৮২৩০৮৫৫, পিআইডি: ০৬১৯০৪৭, ট্রাকিং নং-N207FFE373E) এবং জনাব মোহাম্মদ আহমদ ছাফা চৌধুরী (পিআইডি: ০৬১৯০৪৮, ট্রাকিং নং-N21B65ABB04) নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

বর্ণিত এজেন্সির মাধ্যমে ২০২০ সালে হজের চূড়ান্ত নিবন্ধন করেন। উক্ত এজেন্সির পর্যাপ্ত হাজী না হওয়ায় আল ইমাম হজ কাফেলা ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-৬১৯) এ ট্রান্সফার করে দেন। কিন্তু উক্ত এজেন্সির কর্ণধার জনাব মাহমুদুল হক পিয়ারুকে বহবার অনুরোধ করা সত্ত্বেও অভিযোগকারীগণের নিবন্ধনের টাকা ফেরত দেয়নি। ফলে নতুন করে ২য় বার বিমান টিকেটের অতিরিক্ত টাকা পরিশোধ করে হজ টিকেট নিতে বাধ্য হন।; এবং

০৪। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোহাম্মদ ফরিদ উদ্দিন চৌধুরী, স্বত্বাধিকারী, নাহার ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-১০৭) কর্তৃক নিম্নরূপ অভিযোগ দাখিল করা হয়েছে:

লিড এজেন্সি হিসেবে দায়িত্ব পালনকারী এজেন্সির স্বত্বাধিকারী জনাব মাহমুদুল হক পেয়ারুর নিকট ৬,৯১,৯৩২/- (ছয় লক্ষ একানব্বই হাজার নয়শত বত্রিশ) টাকা পাওনা রয়েছে। উক্ত টাকা ফেরত না দিয়ে গড়িমসি ও হমকি দিচ্ছেন।

০৫। যেহেতু আপনার এরূপ কার্যক্রম হজযাত্রীর সাথে প্রতারণার সামিল; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৬। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৭। সেহেতু আপনার কর্তৃক পরিচালিত হক ইন্টারন্যাশনাল টুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৩৮৯) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক

হক ইন্টারন্যাশনাল টুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৩৮৯)

৬১, শাহী জামে মসজিদ সুপার মার্কেট (দক্ষিণ ২য় তলা), আন্ধারকেল্লা, চট্টগ্রাম

নম্বর: ধবিম/হ:শা:৩/৬-১৫/২০০৬-১৮৯

তারিখ: ২৫.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব